দৈনিক সংবাদ

30

তারিখ ... 27 NOV 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৮ ...

# ফেব্রুয়ারীতে খুলনা মেডিক্যাল কলেজে ক্লাস শুরু হবে

।। মানিক সাহা ।।

খুলনা, ২৬শে নভেম্বর।— আগামী বছরের ফেব্রুয়ারী মাস নাগাদ খুলনা মেডিক্যাল কলেজে ছাত্রভর্তি এবং ক্লাস শুরু হবে বলে সরকারের উচ্চপর্যায় সূত্রে জানা গেছে। প্রাথমিক অবস্থায় কোন ভবন নির্মাণ না করে মহানগরীর বয়রা এলাকায় অবস্থিত খুলনা হাসপাতালের (২৫০ শয্যা-

খুলনা মেডিক্যাল ঃ পৃঃ ৮ কঃ ২

## খুলনা মেডিক্যাল ঃ ফেব্রুয়ারীতে ক্লাশ শুরু

(১ম পাতার পর)

বিশিষ্ট) অব্যবহৃত কক্ষে ক্লাস ও দপ্তরের কাজ শুরু করা হবে। কারণ এই হাসপাতালে যথেষ্ট জায়গা রয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, খুলনা মেডিক্যাল কলেজের জন্য বার্ষিক উন্নয়ন প্রকল্পের আওতায় ৭৫ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং কিছুদিনের মধ্যে একজন প্রকল্প পরিচালক নিয়োগ করা হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও সংসদের স্পীকার শেখ রাজ্জাক আলী তাদের ভাষণে খুলনা মেডিক্যাল কলেজে আগামী বছরের প্রথম দিক থেকে ছাত্র ভর্তির আভাস দিয়েছেন।